66

দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও প্র...
ডকুমেন্টেশন
কেন্দ্র

2-8 JUN 1989
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

# জাতীয় পে-কমিশন ১লা জুলাই থেকে কাজ শুরু করছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামী ১লা জুলাই থেকে নতুন জাতীয় পে-কমিশনের কাজ শুরু হচ্ছে। কমিশন এক বছরের মধ্যে রিপোর্ট পেশ করবে।

উল্লেখ্য, সরকার ইতিমধ্যে সাবেক অর্থসচিব কফিলউদ্দিন মাহমুদকে চেয়ারম্যান ও ডঃ সৈয়দ আবদুস সামাদকে সদস্য সচিব করে নতুন জাতীয় কমিশন গঠন করেছেন। কমিশনের স্থায়ী সদস্যরা হচ্ছেন, চেয়ারম্যান, সদস্য সচিব, প্রাক্তন সচিব ও পুলিশের আই,জি আবদুর রহিম এবং প্রাক্তন কূটনীতিক সাবের রেজা করিম। এছাড়া বিভিন্ন পেশার প্রতিনিধি হিসেবে সদস্য হিসেবে কমিশনে আছেন জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম, ব্যাংকার এহসানুল হক, চার্টার্ড একাউন্টটেন্ট কামরুল হুদা, সাহিত্যিক ডঃ আশরাফ সিদ্দিকী প্রমুখ।